



# বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি.

প্রধান কার্যালয়: দুগ্ধ ভবন  
১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮  
www.milkvita.org.bd

স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১৬৮৩/২০০৪/ডিপি-১৭২/২০২৪/২২২

তারিখ : ২৯ আষাঢ় ১৪৩২  
১৩ জুলাই ২০২৫

## আদেশ

যেহেতু, জনাব মো. নাজিম উদ্দিন প্রামানিক, (কর্মচারী নং-১৬৮৩), এমপ্লয়ী গ্রেড-৪, (সাময়িক বরখাস্ত) তৎকালীন খুলনা দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে (বর্তমানে সংযুক্ত সিলেট বিভাগীয়, বিপণন কেন্দ্র) গত ২২/০৭/২০১৮খ্রি. হতে ০৪/০১/২০২১খ্রি. পর্যন্ত ল্যাব সহকারী হিসাবে দায়িত্ব পালনে অবহেলা, আর্থিক অনিয়মসহ একাধিক বিষয়ে তার বিরুদ্ধে অনিয়ম তদন্তের কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি উল্লিখিত অভিযোগসমূহে তার সংশ্লিষ্টতা রয়েছে মর্মে উল্লেখ করে প্রতিবেদন দাখিল করেন।

০২। যেহেতু, তার এহেন কার্যকলাপ মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ২.০৪ বিধি অনুযায়ী “অসদাচরণ” এর সামিল। তার উক্ত কার্যকলাপের জন্য একই বিধিমালায় ৮.০১ এর ১।(খ) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (মামলা নং-১৭২) রুজু করে স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১৬৮৩/২০০৪/ডিপি-১৭২/২০২৪/২০৪ তারিখ : ২০ এপ্রিল ২০২৫খ্রি. পত্র মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

০৩। যেহেতু, জনাব মো. নাজিম উদ্দিন প্রামানিক (কর্মচারী নং-১৬৮৩), এমপ্লয়ী গ্রেড-৪, ল্যাব সহকারী গত ০৪/০৫/২০২৫খ্রি. তারিখে অভিযোগনামার জবাবে অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে দায়িত্ব পালনে আরো সতর্ক থাকবেন মর্মে প্রতিশ্রুতি করেছেন।

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মচারী বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত কাগজপত্র, লিখিত জবাব, তথ্য-প্রমাণক ও সংশ্লিষ্ট দলিল-দস্তাবেজ পর্যালোচনায় অভিযুক্ত কর্মচারীর দায়-দায়িত্বের আওতায় কিছু ক্ষেত্রে তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়। দায়িত্ব পালনের ক্ষেত্রে অভিযুক্ত কর্মচারী আন্তরিক নয় মর্মে প্রতীয়মান হয়। এহেন কর্মকাল্ডে জন্য অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ২.০৪ মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দন্ড পাওয়ার যোগ্য।

০৫। অভিযুক্ত কর্মচারী একজন সিনিয়র ও দায়িত্বশীল কর্মচারী হিসেবে দায়িত্ব পালনে তথা আরও সতর্ক থাকা উচিত ছিল মর্মে প্রতীয়মান হয়। অভিযুক্ত কর্মচারী নিজের ভুল স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে দায়িত্ব পালনে আরো সতর্ক থাকবেন মর্মে প্রতিশ্রুতি করেছেন। যা বিবেচনাযোগ্য।

০৭। সেহেতু এক্ষনে, জনাব মো. নাজিম উদ্দিন প্রামানিক, (কর্মচারী নং-১৬৮৩), এমপ্লয়ী গ্রেড-৪, (সাময়িক বরখাস্ত), সাবেক ল্যাব সহকারী, খুলনা দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র-কে মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ৮.০১ ১।(খ) মোতাবেক “অসদাচরণ” (Misconduct) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং-১৭২/২০২৪ এর দায়ে একই বিধি’র ৮.০২ (১) এর (ক) ১. বিধি মোতাবেক লঘুদন্ড হিসেবে “তিরস্কার (Censure)” দন্ড প্রদান করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসাবে গণ্য হবে।



জাহিদুল ইসলাম

যুগ্মসচিব (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ)  
ব্যবস্থাপনা পরিচালক (অ. দা.)

স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১৬৮৩/২০০৪/ডিপি-১৭২/২০২৪/২২২/০২(০২)

তারিখ : ২৯ আষাঢ় ১৪৩২  
১৩ জুলাই ২০২৫

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. মহাব্যবস্থাপক (প্রশাসন), মিল্ক ইউনিয়ন (ব্যবস্থাপনা কমিটি’র পরবর্তী সভায় অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
২. মহাব্যবস্থাপক (এসপিপি/বিপণন/টেকনিক্যাল ও অপারেশ-অ:দা:) মিল্ক ইউনিয়ন।
৩. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল) মিল্ক ইউনিয়ন।
৪. উপ-মহাব্যবস্থাপক (সকল) মিল্ক ইউনিয়ন।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা (নিরীক্ষা) মিল্ক ইউনিয়ন।
৬. সভাপতি মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপ-ব্যবস্থাপক (পরিচালনা ও উন্নয়ন), মিল্ক ইউনিয়ন (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৮. জনাব মো. নাজিম উদ্দিন প্রামানিক, কর্মচারী নং-১৬৮৩ এমপ্লয়ী গ্রেড-৪, ল্যাব সহকারী (সাময়িক বরখাস্ত) বর্তমানে (সংযুক্ত) সিলেট বিভাগীয়, বিপণন কেন্দ্র (স্থায়ী) ঠিকানা : গ্রাম : নগরবাড়ী, পো: নগরবাড়ী, উপজেলা : কালিহাতী জেলা : টাঙ্গাইল)।
৯. ব্যক্তিগত নথি/অফিস কপি/মাস্টার কপি।



ব্যবস্থাপনা পরিচালক (অ. দা.)  
মিল্ক ইউনিয়ন।